



ESTD. 1945

PRESS CLUB, KOLKATA

Registration No.- S0006012 of 1963 - 1964

তারিখ: ১৫ জুন ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

পঞ্চায়েত নির্বাচনকে ঘিরে সাংবাদিক নিগ্রহের নিন্দায় এবং সাংবাদিকদের বাড়তি নিরাপত্তার দাবীতে প্রেস ক্লাব, কলকাতা

পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সাংবাদিক নিগ্রহের ঘটনার তীব্র নিন্দা করছে এবং সাংবাদিকদের বাড়তি নিরাপত্তার দাবী জানাচ্ছে প্রেস ক্লাব, কলকাতা। ক্লাবের পক্ষ থেকে পংবঙ্গ রাজ্য নির্বাচন আয়ুক্ত রাজীব সিনহা কে এক চিঠিতে একথা জানান হয়েছে এবং বিষয়টি নিয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণেরও দাবী জানানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, গণতন্ত্রে নির্বাচন একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া। সেইসঙ্গে সমগ্র নির্বাচন প্রক্রিয়ায় গনমাধ্যমও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন ঘোষিত হবার সঙ্গে সঙ্গেই বিভিন্ন হিংসাত্মক ঘটনা ঘটছে এবং এর থেকে কর্তব্যরত সাংবাদিক ও চিত্র সাংবাদিকরাও বাদ পড়ছেন না। তাদের ওপরেও আঘাত আসছে, তারাও আক্রান্ত হচ্ছেন।

এইসব সাংবাদিক নিগ্রহের ঘটনার তীব্র নিন্দা করছে প্রেস ক্লাব, কলকাতা। সেইসঙ্গে আপনার মাধ্যমে পুলিশ ও প্রশাসনের কাছে আসন্ন নির্বাচনে কর্তব্যরত সাংবাদিক ও চিত্রসাংবাদিকদের পূর্ণ নিরাপত্তারও দাবী জানাচ্ছে প্রেস ক্লাব, কলকাতা। নির্বাচনী প্রচার, ভোটগ্রহণ, ফল প্রকাশ এবং নির্বাচনোত্তর পরিস্থিতিতে কর্তব্যরত সাংবাদিক ও চিত্রসাংবাদিকদের খবর সংগ্রহ ও চিত্র গ্রহণের জন্য বিভিন্ন ঘটনাস্থলে যাওয়া বিশেষ প্রয়োজনীয় হয়ে পড়ে। ফলে, এইসময়ে সাংবাদিক ও চিত্র সাংবাদিকদের নিরাপত্তার বিষয়ে অতিরিক্ত নজর দেওয়া প্রয়োজন; কারণ, তারাও নির্বাচনী প্রক্রিয়ার অবিচ্ছেদ্য অঙ্গ। তাই এই সময়ে সাংবাদিক ও চিত্র সাংবাদিকদের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করার দাবী জানাচ্ছে প্রেস ক্লাব, কলকাতা।

আমাদের আশা, বিশ্বাস এবং দাবী যে বিষয়টির প্রতি রাজ্য নির্বাচন আয়োগ, পুলিশ, প্রশাসন এবং সমস্ত রাজনৈতিক দল বিশেষ দৃষ্টি দেবে এবং সাংবাদিক নিগ্রহসহ সামগ্রিকভাবে হিংসাত্মক ঘটনা বন্ধ হবে।

নমস্কারান্তে,

বিনীত,

শ্বেহাশিস সুর

শ্বেহাশিস সুর
সভাপতি

President

Press Club, Kolkata



কিংশুক প্রামাণিক

কিংশুক প্রামাণিক
সম্পাদক

Secretary

Press Club, Kolkata